চুয়াডাঙ্গায় শীতার্তদের মাঝে শীতবস্ত বিতরণ করলেন সাবেক এমপি পুনম নাঈম

চুয়াডাঙ্গায় শীতার্তদের মাঝে শীতবস্ত্র বিতরণ করেছেন বাংলাদেশ মহিলা আওয়ামীলীগের সহ-সভানেত্রী ও সাবেক এমপি শিরিন নাঈম পুনম। শুক্রবার সকালে চুয়াডাঙ্গা পৌরসভা চত্বরে শহরের সহ¯◌্রাধিক অসহায় মানুষের হাতে শীতবস্ত্র তুলে দেন তিনি।

এ সময় তিনি বলেন, বাংলার অসহায় নারীদের ভাগ্য উন্নয়নে কাজ করছে বর্তমান সরকার। বাংলাদেশ এখন তলাবিহীন ঝুঁড়ি নয়। জননেত্রী শেখ হাসিনার বলিষ্ঠ নেতৃত্বে দেশ উন্নয়নের রোল মডেলে পরিণত হচ্ছে। এজন্য আমাদের সকলের উচিৎ প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে সহযোগিতা করা। তিনি আরও বলেন, আমি চুয়াডাঙ্গার মেয়ে হিসাবে সব সময় আপনাদের পাশে ছিলাম, আছি ও থাকবো।

শীত বস্ত্র বিতরণের সময় উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা পৌরসভার নারী কাউন্সিলর সুলতান আরা রতœ◌া, জেলা মহিলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদিকা কামরুনাহার কাকলী, সদর উপজেলার মহিলা ভাইস চেয়ারম্যান শাহাজাদী মিলি, চুয়াডাঙ্গা পৌর আওয়ামীলীগের সভানেত্রী লায়লা শিরিন, সাধারণ সম্পাদক নাবিলা রুখসানা ছন্দা প্রমুখ।

- চুয়াডাঙ্গা প্রতিনিধি

ডিসির স্ত্রীর পরিচয়ে প্রতারণার চেষ্টা

চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের স্ত্রী পরিচয় দিয়ে মোবাইলফোনে চুয়াডঙ্গা সড়ক ও জনপথ বিভাগের নির্বাহী প্রকৌশলীর কাছে টাকা

দাবী করেছে এক নারী। একই নম্বর থেকে সড়ক বিভাগের একাউন্ট অফিসারের কাছে নিজেকে নির্বাহী প্রকৌশলীর স্ত্রী পরিচয় দিয়ে টাকা দাবী করে।

বৃহস্পতিবার রাতে এসব ঘটনা ঘটে। প্রতারণার বিষয়টি বুঝতে পেরে সদর থানায় লিখিত অভিযোগ করেছেন নির্বাহী প্রকৌশলী শওকত আহম্মেদ মজুমদার।

জানা যায়, বৃহস্পতিবার রাতে চুয়াডাঙ্গা সড়ক ও জনপথ বিভাগের নির্বাহী প্রকৌশলী শওকত আহম্মেদ মজুমদার ও একই অফিসের একাউন্ট অফিসারের ফোন দেন এক নারী। তিনি নিজেকে ডিসি এবং নির্বাহী প্রকৌশলীর স্ত্রী পরিচয় দিয়ে তাদের কাছে বিকাশের মাধ্যমে টাকা দাবী করেন। এতে তাদের সন্দেহ হলে নির্বাহী প্রকৌশলী বিষয়টি জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকারকে জানান। পরে জেলা প্রশাসকের পরামর্শে নির্বাহী প্রকৌশলী চুয়াডাঙ্গা সদর থানায় একটি লিখিত অভিযোগ করেন।

চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ (ওসি) আবু জিহাদ খান বলেন, এ বিষয়ে চুয়াডাঙ্গা সড়ক ও জনপথের নির্বাহী প্রকৌশলী থানায় লিখিত অভিযোগ করেছেন।

- চুয়াডাঙ্গা প্রতিনিধি

মেহেরপুরে জমে উঠেছে গরীবের সুপার মার্কেট

মেহেরপুরে শুরু হয়েছে শীতের তিব্রতা। শীত শুরু হওয়ার সাথে সাথে শীতের পোশাক কেনারও ধুম পড়েছে পোশাক বাজারে। উচ্চবিত্তরা বড় বড় মার্কেটে ছুটলেও মধ্যবিত্ত ও নি¤œবিত্তরা ছুটছে পুরাতন পোশাকের দোকান গুলোতে।

গরীবের সুপার মার্কেট ক্ষ্যাত পৌর গরুর হাট সংলগ্ন পুরাতন পোশাকের দোকান গুলো ইতিমধ্যে বেশ জমে উঠেছে। সপ্তাহে দুইদিন

(শ্রক্রবার ও মঙ্গলবার) রাস্তার দুইপাশে প্রায় ৩৫টি দোকানে বিক্রি হচ্ছে পুরাতন সব পোশাক। দিনের শুরুতে এইসব দোকান গুলো খোলা হলেও বেচাকেনা শেষে সন্ধার পর পরই এগুলো আবার বাড়ি নিয়ে যায় বিক্রেতারা।

নিন্ম আয়ের মানুষ থেকে শুরু করে মধ্যবিত্তরা ভিড় জমাচ্ছে এইসব দোকান গুলোতে।

সরেজমিনে গিয়ে দেখা যায় দেশি বিদেশি পুরোনো বাহারি সব পোশাকে সাজানো এইসব দোকান গুলো। একদাম-একদর, দেখে নিন-বেছেনিন, আগে আসলে আগে পাবেন এই ধরনের হরেক রকম স্লোগানে ক্রেতাদের আকৃষ্টি করার চেষ্টা করছে বিক্রেতারা।

৪০-৫০টাকা থেকে শুরু করে ২০০-৩০০টাকা পর্যন্ত বিক্রি করছে পোশাক গুলো। সয়েটার, জ্যাকেট, কোর্ট, ব্লেজার, গেঞ্জি সহ বিভিন্ন পোশাকের দিকে ঝুকছে মানুষ। তবে বেশি বিক্রি হচ্ছে জাম্মপার ও জ্যাকেট।
এছাড়াও প্রতিদিন মেহেরপুর শহরের পৌর এলাকা থেকে শুরু করে কোর্টমোড় পর্যন্ত প্রায় ১০ জায়গায় ফুটপাতের উপর বসেছে পুরাতন পোশাতের হাট।

চাঁদবিল কোলার মোড়ের আজিজ, পেশায় কাঠ মিস্ত্রি। শুক্রবার গরুরহাট সংলগ্ন পুরাতন পোশাকের দোকানে এসেছে পোশাক কিনতে। কথা হলো তার সাথে। কয়টা পোশাক কিনলেন জানতে চাইলে, বেশ সাচ্ছদন্দেই উত্তর দিলেন ,তিনটা কিনেছি। আগামী সপ্তাই আবার আসবো। বেশ ভালো ভালো পোশাক পাওয়া যাচ্ছে কম দামে।
গাংনী উপজেলার বাওট গ্রামের জুয়েল দোকান দিয়েছেন গরুর হাট এলাকায়, তিনি বলেন প্রতি বছর শীতের মৌসুমে আমি ব্যবসা করি। শীত মৌসুমে ব্যবসায় লাভ ভালো হয়। তবে এবার দাম বেশি নেওয়ায় আমাদের বিক্রি করতে হচ্ছে বেশি দামে। আগে আমরা প্রতি পুরাতন পোশাতের গাইট কিনতাম ৭-৮ হাজার টাকাই। এবার একই পোশাকে গাইট কিনতে হচ্ছে ১২-১৫ হাজার টাকায়।

অপর ব্যবসায়ী মেলিম বলেন, ঢাকা, চট্টগ্রাম এলাকা থেকে এসব পোশাক আসে। পোশক গুলো বেশির ভাগই বিদেশি। আমরা কিনে আনি দ্বিতীয় পাটির কাছ থেকে। আমরা কুষ্টিয়া থেকে এসব পোশাক সংগ্রহ করি। প্রতি গাইটে ২-৩ হাজার টাকা লাভ হয়। আবার যদি পোশাক খুব ভালো হয়ে যায় সেক্ষেত্রে লাভের পরিমানটাও বেশি হয়ে যায়।

- রাব্বি পারভেজ

মেহেরপুরের বোমাটি এখনো অপেক্ষায় বিশেষজ্ঞ দলের

মেহেরপুরের বোমা নিস্ক্রিয় করতে ঢাকা থেকে আসছে বোমা এন্টি টেরোরিজম দল। গত বৃহস্পতিবার থেকে বোমা সাদৃশ্য বস্তুটি ঘিরে রেখেছে পুলিশ। আজ শ্রক্রবার র্যাব এর একটি দল বোমাটি দেখে ফিরে যায়।

পরে বোমাটি উদ্ধার ও নিস্ক্রিয় করতে ঢাকা থেকে বোমা এন্টি টেরোরিজম আনার সিদ্ধান্ত নেয় মেহেরপুর জেলা পুলিশ। এ দিকে বোমাটি দুইদিন যাবত স্থানীয় পুলিশ উদ্ধার করতে ব্যার্থ হওয়ায় এলাকার মানুষের মধ্যে আতঙ্ক বিরাজ করছে।

বোমার সংবাদ বিস্তারিত আসছে…….

- নিজস্ব প্রতিনিধি

গাংনীতে শীতের সবজির দাম কমলেও বেড়েছে ভৈজ্য তেলের দাম

টানা কয়েক সপ্তাহ সবরকম সবজির দাম বাড়তি থাকলেও এ সপ্তাহের মেহেরপুরের গাংনী তরকারি বাজার ঘুরে দেখা গেছে সবজির দাম নি¤œমুখি। এদিকে দাম বেড়েছে ভৈজ্য তেলের দাম।

পেয়াজের দামও গত সপ্তাহের চেয়ে কেজি প্রতি ২০ টাকা করে কমে বিক্রি হচ্ছে দেশি পেয়াজ ১শ’৮০ টাকা মিশরের পেয়াজ বিক্রি হচ্ছে

১শ’৬০ টাকা। ফুলকপি গত সপ্তাহে প্রতি কেজি বিক্রি হতো ৬০ টাকা করে তা এ সপ্তাহে দাম কমে ৪০ টাকা করে বিক্রি হচ্ছে।

টমেটো ছিল কেজি প্রতি ৮০ থেকে ১শ টাকা পর্যন্ত এ সপ্তাহে তার দাম কেজি প্রতি ৬০ টাকা বিক্রি হচ্ছে। তাছাড়া কাচা মরিচ রশুনের দাম অপরিবর্তিত রয়েছে। গত সপ্তাহে কাচা মরিচ বিক্রি হয়েছে ৪০ টাকা কেজি ও রশুন ২শ’টাকা কেজি।

এদিকে নতুন আলুর দামও গত সপ্তাহর চাইতে কেজি প্রতি ৩০ টাকা কমে কেজি প্রতি বিক্রি হচ্ছে ৫০ টাকা করে পুরাতন আলু ৫টাকা কমে কেজি প্রতি বিক্রয় হচ্ছে ৩০ টাকা করে।

গাজর গত সপ্তাহে বিক্রি হয়েছে কেজি প্রতি ৭০ টাকা তা কমে এ সপ্তাহের দাড়িয়েছে ২০ টাকা করে। এদিকে আদার দাম অপরিবর্তিত রয়েছে আদা কেজি প্রতি বিক্রি হচ্ছে ১শ’৬০ টাকা দরে।

শীত মৌসুমে শীতের সবজির দাম কম হবে এটাই স্বাভাবিক তবে কয়েকজন ক্রেতা জানিয়েছেন দাম আরও কম হওয়া উচিৎ। বিক্রেতারা বলেন শীতকালিন সবজি ওঠা শুরু করেছে আগামী সপ্তাহে এর দাম আরও কমবে।

এদিকে সব ধরণের মাংস মাছের দাম গত সপ্তাহের মতো থাকলেও েেবেড়ছে ভৈজ্য তেলের দাম। সোয়াবিন তেল গত সপ্তাহে ছিল লিটার প্রতি ৯০ টাকা এ সপ্তাহের লিটার প্রতি দাম বেড়ে দাড়িয়েছে ৯৩ টাকা।

- গাংনী প্রতিনিধি

“মেহেরপুর মুক্ত দিবস” পালিত

বর্নাঢ্য আয়োজনে পালিত হলো “মেহেরপুর মুক্ত দিবস”। এ উপলক্ষে সকালে মুক্তিযোদ্ধা সংসদ ভবন থেকে জেলা প্রশাসক আতাউল গনির নেতৃত্বে একটি বিজয় র্যালী বের করা হয়।

পরে মেহেরপুর কলেজ মোড় সংলগ্ন স্মৃতি সৌধে ও মেহেরপুর গন কবরে শ্রদ্ধাঞ্জলী জানানো হয়।

পরে মেহেরপুর কমিউনিটি সেন্টারে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ জেলা ইউনিট কমান্ড মেহেরপুরের ব্যবস্থাপনায় আলোচনা সভার আয়োজন করা হয়।

সভায় বক্তব্য দেন, মেহেরপুর জেলা আওয়ামীলীগের সহ সভাপতি আব্দুর রব, সাধারণ সম্পাদক এমএ খালেক, মুক্তিযোদ্ধা বিষয়ক সম্পাদক আতাউল হাকিম লাল মিয়া, প্রচার সম্পাদক ইকবাল হোসেন বুলবুল, ক্যাপ্টেন আব্দুল মালেক, কৃষকলীগের সভাপতি মাহাবুবল হক শান্তি, অ্যাড. ইব্রাহীম শাহিন।

- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরে ৫০০ গ্রাম গাঁজা সহ এক মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরে ৫০০ গ্রাম গাঁজা সহ মুহিত নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে ডিবি পুলিশ।

মেহেরপুর পৌর এলাকা থেকে তাকে আটক করা হয়।

আটক মুহিত শহরের ক্যাশব পাড়ার মৃত সুমন মন্ডলের ছেলে।

মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশের ওসি রবিউল ইসলাম জানান, গোপন সংবাদের ভিত্তিতে মেহেপুর শহরের পৌর এলাকায় অভিযান চালিয়ে মুহিত নামের একজন কে আটক করা হয়।

এ সময় তার কাছে থেকে কাগজে মোড়ানো অবস্থায় ৫০০ গ্রাম গাঁজা উদ্ধার করা হয়।

এ ব্যাপারে মেহেরপুর সদর থানায় একটি নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরে হেরোইন সহ আটক ২

মেহেরপুরে ১৮গ্রাম হেরোইন সহ স্বাধীন ও রবিন নামের দুই মাদক ব্যবসায়ীকে আটক করেছে ডিবি পুলিশ। বৃহস্পতিবার দিবাগত রাতে মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয়ের পিছন থেকে তাদের আটক করা হয়।

আটক স্বাধীন মেহেরপুর ফৌজদারি পাড়ার শিহাবের ছেলে ও রবিন একই পাড়ার কাবুলের ছেলে।

মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশের ওসি রবিউল ইসলাম বিষয়টি নিশ্চিত করেন।

এ ঘটনায় মেহেরপুর সদর থানায় একটি নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

- নিজস্ব প্রতিনিধি

আজ ‘মেহেরপুর মুক্ত’ দিবস

আজ ৬ ডিসেম্বর। ‘মেহেরপুর মুক্ত’ দিবস। ১৯৭১ সালের এই দিনে বাংলাদেশের প্রথম রাজধানী মুজিবনগর খ্যাত মেহেরপুর হানাদার মুক্ত হয়। মুক্তিযোদ্ধাদের গেরিলা হামলায় দিক-বিদিক হারিয়ে পাকিস্থানী হানাদার বাহিনীর শেষ দলটি ৫ ডিসেম্বর বিকেল থেকে গোপনে মেহেরপুর ছাড়তে থাকে। পরের দিন ৬ ডিসেম্বর রাজনৈতিক মর্যাদাপূর্ণ মেহেরপুর জেলা হানাদার মুক্ত হয়।
২ ডিসেম্বর গাংনী হানাদার মুক্ত হলে শিকারপুরে (ভারত) অবস্থিত মুক্তি বাহিনীর এ্যাকশন ক্যা¤◌েপর ক্যাপ্টেন তৎকালীন মেহেরপুর মহকুমা প্রশাসক (এসডিও) তৌফিক ইলাহী চৌধুরী হাটবোয়ালিয়ায় এসে মুক্তিবাহিনীর ঘাঁটি স্থাপন করেন। মিত্রবাহিনী ও মুক্তিবাহিনী সম্মিলিত ভাবে ৫ ডিসেম্বর মেহেরপুরে প্রবেশ করে। সীমান্তে পাকবাহিনীর পুঁতে রাখা অসংখ্য মাইন অপসারনের মধ্য দিয়ে মেহেরপুর পুরোপুরি ভাবে হানাদার মুক্ত হয় ৬ ডিসেম্বর।

জেলা মুক্তিযোদ্ধার সংসদের সাবেক সাংগঠনিক কমান্ডার আমিরুল ইসলাম বলেন, খলিসাকুন্ডি ব্রীজের কাছে আমরা এন্টি ট্যাংক মাইন পুতে একটি পাকিস্তানী গাড়ি উড়িয়ে দেয় এবং সেই গাড়িতে ৭/৮জন পাকিস্তানি সৈন্য ছিল, এতে তারা ছিন্ন বিচ্ছিন্ন হয়ে যায়। পলাশী পাড়া পাগলা সেতুর কাছে আমরা পাক বাহিনীর সাথে সম্মুখ যুদ্ধ করি। এখানে আমি সামান্য আহত হয় এবং অমার বুকে শেলের টুকরা লাগে। অতঃপর ৬ই ডিসেম্বর আমাদের মেহেরপুর জেলা দখল মুক্ত হয়। ঐদিন মেহেপুরের মুক্তিযোদ্ধারা ও সর্বস্তরের লোক একযোগে রাস্তায় নেমে পড়ে আনন্দে উল্লাসিত হয় এবং মিষ্টি মুখ করে উল্লাসে ফেটে পড়েন। এদিকে, মেহেরপুর মুক্ত দিবস উপলক্ষে আজ শুক্রবার বিভিন্ন কর্মসূচী গ্রহণ করেছে জেলা প্রশাসন ও জেলা মুক্তিযোদ্ধা সংসদ। সকাল সাড়ে ৮টায় মুক্তিযোদ্ধা সংসদ ভবন থেকে বিজয় র্যালী বের করা হবে। র্যালিটি শহরের প্রধান সড়ক প্রদক্ষিন শেষ মেহেরপুর কলেজ মোড় সংলগ্ম শহীদ স্মৃতি সৌধ ও মেহেরপুর জেলা প্রশাসন চত্বরে নবনির্মিত গণকবর স্মৃতি ফলকে শ্রদ্ধাঞ্জলী অর্পন করা হবে। র্যালী ও সমাবেশে জেলা প্রশাসক মো: আতাউল গনি, পুলিশ সুপার এস এম মুরাদ আলী মুক্তিযোদ্ধা ও বিশিষ্টব্যাক্তি বর্গ উপস্থিত থাকার কথা রয়েছে।

- নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলা প্রেসক্লাবের নির্বাচনের মনোনয়ন ফরম বিক্রি

মেহেরপুর জেলা প্রেসক্লাবের দ্বি-বার্ষিক নির্বাচন ২০১৯ উপলক্ষ্যে গতকাল বৃহস্পতিবার ছিল মনোনয়নপত্র সংগ্রহের দিন। নির্বাচনে এগারোটি পদের বিপরীতে চৌদ্দটি ফরম বিক্রয় হয়।

নির্বাচন কমিশনার আবদুল্লাহ আল আমিন ধূমকেতুর কাছ থেকে ক্লাবের নিজস্ব কার্যালয়ে প্রার্থীরা নিজ নিজ পদের জন্য ফরম সংগ্রহ করেন। এ সময় ক্লাবের নির্বাচনী পরিবেশের সৃষ্টি হয়।

উল্লেখ্য আগামী ১৩ ডিসেম্বর মেহেরপুর জেলা প্রেসক্লাবের দ্বি-

বার্ষিকি নির্বাচন উপলক্ষ্যে ভোট গ্রহণ উনুষ্ঠিত হবে।

- নিজস্ব প্রতিনিধি